দৈনিক সংবাদ

তারিখ 29 DEC 1986
পৃষ্ঠা 1 কলাম 1

19

# ভুয়া শিক্ষক ও শিক্ষা প্রতিষ্ঠান সনাক্তকরণে টাস্ক ফোর্স গঠিত হবে

শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান শিক্ষাখাতে উন্নয়ন কাজের যথাযথ ও সময়মতো বাস্তবায়ন নিয়মিত তদারক করার প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব আরোপ করেছেন। খবর বাসস'র।

তিনি গতকাল রোববার বিভাগীয় ও জেলা শিক্ষা কর্মকর্তাদের এক সমাবেশের সমাপনী অধিবেশনে বক্তৃতা করছিলেন। জনাব

(শেষ পৃ: ১-এর ক:ম্র:)

## ভুয়া শিক্ষক

(১ম পাতার পর)

রহমান বলেন, "শিক্ষাখাতের ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয়ে একটি সমন্বয় ও পর্যবেক্ষণ সেল গঠন করা হবে। শিক্ষাখাতে অধিকতর গতিশীলতা আনা এবং ভুয়া শিক্ষকদের সনাক্ত করা ও ভুয়া শিক্ষা প্রতিষ্ঠানগুলো নির্মূল করার জন্যে প্রয়োজন হলে একটি টাস্ক ফোর্সও গঠন করা হবে বলে তিনি জানান।